

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
সিআর-৩ শাখা  
[www.mopa.gov.bd](http://www.mopa.gov.bd)

নং- ০৫.০০.০০০০.১০২.১৮.০০২.২৩-১২


তারিখঃ ০৪ মাঘ, ১৪৩০  
১৮ জানুয়ারি ২০২৪

বিষয়: গাড়ীচালকদের গোপনীয় অনুবেদনে স্বাস্থ্য প্রতিবেদন অংশে ডোপ টেস্টের রিপোর্ট এর বিষয় স্পষ্টীকরণ।

সূত্র: ২২ নভেম্বর, ২০২৩ তারিখের ০৫.০০.০০০০.১০২.৪৫.০০৬.২৩-৬৫ নং স্মারক।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত স্মারকে জনপ্রশাসন মন্ত্রণালয় হতে '১০ম-২০তম গ্রেডভুক্ত কর্মকর্তা/কর্মচারীদের জন্য গোপনীয় অনুবেদন অনুশাসনমালা-২০২৩' এবং গাড়ীচালকদের জন্য 'বাংলাদেশ ফর্ম নং ২৯০-৮ (২০২৩) জারী করা হয়। গাড়ীচালকদের উক্ত ফর্মের ২য় পৃষ্ঠার ১ম অংশে স্বাস্থ্য প্রতিবেদনের ৩ নং ক্রমিকে সর্বশেষকৃত ডোপ টেস্টের রিপোর্ট অনুযায়ী মাদকাসক্তির বিষয়ে মন্তব্য আবশ্যিকভাবে লিপিবদ্ধ করতে হবে। এক্ষেত্রে গাড়ীচালকদের বিদ্যমান ড্রাইভিং লাইসেন্স ইস্যু/নবায়ন করার সময় দাখিলকৃত ডোপ টেস্ট রিপোর্ট সর্বশেষ ডোপ টেস্ট রিপোর্ট হিসাবে গণ্য হবে। সুতরাং সকল গাড়ীচালককে তাদের ড্রাইভিং লাইসেন্স ইস্যু/নবায়ন করার সময় সর্বশেষ যে ডোপ টেস্ট সম্পন্ন করেছেন বার্ষিক গোপনীয় অনুবেদনে সেই সর্বশেষ রিপোর্টটিই সংযুক্ত করতে হবে এবং সে অনুযায়ী অনুমোদিত হাসপাতালের চিকিৎসকগণ উক্ত অংশে মন্তব্য লিপিবদ্ধ করবেন।

০২। এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
১৮ জানুয়ারি ২০২৪  
(শেলিনা খানম)

যুগ্মসচিব

ফোন-৫৫১০০৮৭৮।

cr3@mopa.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

(সদয় অবগতি, প্রয়োজনীয় কার্যক্রম ও অধীনস্থ/সংশ্লিষ্ট দপ্তর/সংস্থাকে অবহিত করার বিনীত অনুরোধসহ)

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২. সিনিয়র সচিব/ সচিব (সকল)..... মন্ত্রণালয়/বিভাগ।
৩. রেজিস্ট্রার, বিপিএটিসি, সাভার/বিসিএস প্রশাসন একাডেমি, শাহবাগ, ঢাকা।
৪. বিভাগীয় কমিশনার (সকল).....।
৫. মহাপরিচালক (সকল).....।
৬. মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর /স্বাস্থ্য অধিদপ্তর, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৭. অতিরিক্ত মহাপরিচালক, সরকারি কর্মচারী হাসপাতাল।
৮. পরিচালক, সকল হাসপাতাল।
৯. পরিবহন কমিশনার, সরকারি যানবাহন অধিদপ্তর, সচিবালয় লিংক রোড, ঢাকা।
১০. জেলা প্রশাসক (সকল).....।
১১. মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রীগণের একান্ত সচিব (সকল)..... মন্ত্রণালয়/বিভাগ।
১২. সিনিয়র সিস্টেমস এনালিস্ট, পিএসসি, জনপ্রশাসন মন্ত্রণালয়, (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৩. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. অফিস কপি।